# রাজশাহী বোর্ড-২০১৫

**বাংলা প্রথম পত্র**

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** মান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক বিভাগ — গদ্য

**১.▶** অর্ণব তার মায়ের অপারেশনের টাকা জোগাড় করার জন্য দিশেহারা। হঠাৎ সে হাসপাতালের সিঁড়িতে পাঁচশ টাকার একবান্ডিল নোট দেখতে পায়। তার মন আনন্দে ভরে ওঠে। পরক্ষণেই যার টাকা তার কথা ভেবে সে মর্মাহত হয়। অবশেষে সে টাকাগুলো থানায় জমা দেয় এবং প্রকৃত মালিক তা ফেরত পায়।

ক. বালকদের মধ্যে কার হাতের লেখা ভালো ছিল? ১

খ. 'দুজনে হঠাৎ ধার্মিক হয়ে উঠলাম।'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের অর্ণবের সাথে 'পড়ে পাওয়া' গল্পের কিশোরদের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. "উদ্দীপকটিতে যেন 'পড়ে পাওয়া' গল্পের মূল চেতনারই সন্ধান মেলে।"— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

**২.▶** রিমন গোরস্থানের ধারে সবুজ ঘাসে গরুটিকে বেঁধে আসে। সে বিকালে গরুটি আনতে যেয়ে আর বাড়ি ফিরে আসে না। সন্ধ্যায় গোরস্থানের পাশে তার মৃতদেহটি পাওয়া যায়। গ্রামের সবাই বলল, ভূতে রিমনকে মেরেছে। তারা রিমনের মৃতদেহটি ধরতেও ভয় পেল। ডাক্তারি পরীক্ষায় দেখা যায় সাপের কামড়ে তার মৃত্যু হয়েছে।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের কিশোর উপযোগী গল্পের সংখ্যা কত? ১

খ. নগেন অনুতপ্ত হয়েছিল কেন? ২

গ. উদ্দীপকের গ্রামবাসীর মধ্যে 'তৈলচিত্রের ভূত' গল্পের নগেন চরিত্রের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের কুসংস্কার এবং 'তৈলচিত্রের ভূত' গল্পের রিমনের মৃত্যু যেন একই সূত্রে গাথা।"— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

**৩.▶** ঈদে রকিব সাহেব তার মেয়ে শিথুর জন্য নারায়ণগঞ্জের নোয়াপাড়ায় তৈরি একটি শাড়ি কিনে দেন। কিন্তু শাড়িটি ভারতীয় না হওয়ায় শিথু খুবই মর্মাহত হয়। রকিব সাহেব শাড়িটি কেনার কারণ বুঝিয়ে বললে শিথু নিজের ভুল বুঝতে পারে। সে ঈদের দিনে আনন্দের সাথে শাড়িটি পরে এবং তার বান্ধবীরা শাড়িটির প্রশংসা করে।

ক. কোন জেলার কাঠের নৌকা বিখ্যাত? ১

খ. 'নকশা, রং ও বুনন কৌশল সবই তাদের নিজস্ব ঐতিহ্য অনুযায়ী হয়।'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের যে শিল্পটির পরিচয় ফুটে উঠেছে তার বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের রকিব সাহেবের মানসিকতা 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের লেখকের মূল বক্তব্যকে সমর্থন করে।— সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

## খ বিভাগ — কবিতা

৪.▶ মনে কর যেন বিদেশ ঘুরে
মাকে নিয়ে যাচ্ছি অনেক দূরে।
তুমি যাচ্ছ পালকিতে মা চড়ে
দরজা দুটো একটুকু ফাঁক করে।
আমি যাচ্ছি রাঙা ঘোড়ার পরে
টগবগিয়ে তোমার পাশে পাশে।

ক. খাওয়ার পর মাঝি কোন রঙের পাল তোলে? ১

খ. যত দোষ সব আমরা— না, আমি একা নেবো মাথা পেতে।— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কিশোরটির সাথে 'নদীর স্বপ্ন' কবিতার বালকটির যে সাদৃশ্য আছে তা তুলে ধরো। ৩

ঘ. "উদ্দীপকটি 'নদীর স্বপ্ন' কবিতার সমগ্রভাব ধারণ করে না।"— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৫.▶ আজকে সকালে এই গ্রাম দেখে পলক পড়ে না চোখে
নদীর কিনারে, ঘন বনের ধারে অমাবস্যার দিঘির পাড়ে
আম, জাম, কাঁঠালের মিনারে মিনারে
ধান ক্ষেত ঘেরা সীমানাহীন মাঠে মাঠে
এইসব ছোট ছোট গ্রাম
আমার দেশের নাম খোদা তার সোনার ফলকে।
আমার সোনার দেশ,
সোনা হল এইসব গ্রামে গ্রামে।

ক. রাঙা মেঘ সাঁতরায়ে কী নীড়ে ফিরছে? ১

খ. এ দেশকে কার্তিকের নবান্নের দেশ বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকে ফুটে ওঠা প্রাকৃতিক সৌন্দর্যের সাথে 'আবার আসিব ফিরে' কবিতার মিল দেখাও। ৩

ঘ. "উদ্দীপকটি 'আবার আসিব ফিরে' কবিতার মূলভাবের সম্পূর্ণ প্রতিনিধিত্ব করে না।"— বিশ্লেষণ করো। ৪

৬.▶ নিয়ত মানসধামে একরূপ ভাব
জগতের সুখ-দুখে সুখ-দুঃখ লাভ॥
পরপীড়া পরিহার, পূর্ণ পরিতোষ
সদানন্দে পরিপূর্ণ স্বভাবের কোষ॥
নাহি চায় আপনার পরিবার সুখ
রাজ্যের কুশল কার্যে সদা হাস্যমুখ॥
কেবল পরের হিতে প্রেম লাভ যার
মানুষ তারেই বলি মানুষ কে আর?

Teachingbd.com

ক. 'দুই বিঘা জমি' কী ধরনের কবিতা? ১
খ. স্নেহের সে দানে বহু সম্মানে বারেক ঠেকুন মাথা।— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের মানুষের গুণাবলির সাথে 'দুই বিঘা জমি' কবিতার মহারাজের চরিত্রের বৈসাদৃশ্য দেখাও। ৩
ঘ. 'দুই বিঘা জমি'র মহারাজ উদ্দীপকের গুণে গুণান্বিত হলে উপেনের এই পরিণতি হতো না।— উক্তিটি মূল্যায়ন করো। ৪

## গ বিভাগ — আনন্দ পাঠ

৭. ▶ সাদ ও শাকিল সুন্দরবনে মধু সংগ্রহ করতে যায়। তারা তাদের প্রত্যাশার চেয়ে বেশি মধু সংগ্রহ করে। সাদ বাড়ি ফিরতে চাইলেও শাকিল আরও মধু সংগ্রহের আশায় গভীর বনে যায়। এক সময় বাঘের আক্রমণে শাকিলের মৃত্যু হয়।

ক. পাখোম কত মাইল হেঁটে বাসকিরদের তাঁবুতে পৌঁছাল? ১
খ. পাখির পালকের বিছানায় শুয়ে পাখমের ঘুম হলো না কেন? ২
গ. উদ্দীপকের শাকিল এর সাথে 'সাড়ে তিন হাত জমি' গল্পের যে চরিত্রের সাদৃশ্য আছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উক্ত সাদৃশ্যটির পরিণতি উপস্থাপনই 'সাড়ে তিন হাত জমি' গল্পের শিক্ষা।"— উক্তিটি মূল্যায়ন করো। ৪

৮. ▶ রাজন ও সাজন দুই ভাই হলেও দুজনের চারিত্রিক বৈশিষ্ট্য ভিন্ন। রাজন সাধ্যমতো অন্যের উপকার করে, বিপদে পাশে দাঁড়ায়। অন্যদিকে, সাজন কী করে ধনী হবে সেদিকেই তার খেয়াল। তাই তো মানুষকে বিপদে ফেলে অর্থ আদায়ে দ্বিধা করে না। শহরের সবাই রাজনকে পছন্দ করে আর সাজনকে করে ঘৃণা।

ক. আরাগনের যুবরাজ কোন পেটিকা পছন্দ করল? ১
খ. 'আমি মাংস চাই না, আমার আসল টাকাটা চাই।'— এ উক্তির কারণ কী? ২
গ. উদ্দীপকের সাজনের সাথে 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের যে চরিত্রের মিল রয়েছে— তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'মার্চেন্ট অব ভেনিস' গল্পের খণ্ডচিত্র মাত্র।— উক্তিটি মূল্যায়ন করো। ৪

৯. ▶ মহাবীর জুলভান বিভিন্ন যুদ্ধে বীরত্বের সাথে জয়লাভ করেছেন। পুত্র সন্তান না থাকায় তার মনে শান্তি ছিল না। তিনি সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করেন একটি পুত্র সন্তানের জন্য। অবশেষে তার ঘরে একটি ফুটফুটে পুত্র সন্তান জন্ম নেয়। জোতিষীরা ছেলের ভবিষ্যৎ গণনা করে বলেন, ছেলের আয়ু মাত্র পাঁচ বছর।

ক. ইতালির মুদ্রার নাম কী? ১
খ. তহমিনা রোস্তমকে কন্যা হওয়ার মিথ্যা সংবাদ দিল কেন? ২
গ. উদ্দীপকের ঘটনার সাথে 'সোহরাব রোস্তম' গল্পের যে ঘটনার মিল আছে তা তুলে ধরো। ৩
ঘ. মহাবীর জুলভান ও 'সোহরাব রোস্তম' গল্পের পরিণতি এক নয়।— উক্তিটির সত্যতা নিরূপণ করো। ৪

TeachingBD.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

## বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ১ ০ ১

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ভারতীয় আর্য ভাষার প্রথম স্তর কোনটি?
ক বৈদিক খ অপভ্রংশ
গ সংস্কৃত ঘ প্রাকৃত

২. 'দেশ' কবিতায় কারা মালা রচনা করে?
ক প্রজাপতি খ কাক
গ চখা ঘ বক

৩. 'সাড়ে তিন হাত জমি' গল্পের মূল রচয়িতা কে?
ক লেব তলস্তয়
খ উইলিয়াম শেক্সপিয়ার
গ ড্যানিয়েল ডিফো ঘ ওয়াশিংটন আরভিং

৪. মনিবের নিকট থেকে পালিয়ে যাওয়ার ঘটনায় রবিনসন চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে?
ক চতুরতা খ স্বার্থপরতা
গ সাহসিকতা ঘ বুদ্ধিমত্তা

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:
শনিবারে গজার মাছ খেলে অমঙ্গল হয়। বাড়ি থেকে বের হবার সময় খালি কলস দেখলে যাত্রা শুভ হয় না।

৫. উদ্দীপকটি 'তৈলচিত্রের ভূত' গল্পের কার চিন্তার সাথে সাদৃশ্যপূর্ণ?
ক পরেশ খ নগেন
গ পরাশর ডাক্তার ঘ নগেনের মামা

৬. উক্ত সাদৃশ্যের ভিত্তি—
i. বিচার বুদ্ধির অভাব ii. কুসংস্কারে বিশ্বাস
iii. বৈজ্ঞানিক জ্ঞানের অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. "মাগো ওরা বলে
সবার কথা কেড়ে নেবে।"— উদ্ধৃতাংশের 'ওরা' 'একুশের গান' কবিতায় কবির দৃষ্টিতে—
i. নাগিনীরা ii. ক্ষ্যাপাবুনো
iii. আঁধারের পশু
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. "এমন ধানের ওপর ঢেউ খেলে যায় বাতাস কাহার দেশে।"— চরণটি কোন কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ?
ক আবার আসিব ফিরে খ দেশ
গ দুই বিঘা জমি ঘ বঙ্গভূমির প্রতি

৯. কৈকেয়ীর পুত্রের নাম কী?
ক ভরত খ লক্ষ্মণ
গ শত্রুঘ্ন ঘ রাম

১০. 'অতিথির স্মৃতি' গল্পে একটু দেরি করে আসত কোন পাখি?
ক টুনটুনি খ দোয়েল
গ শ্যামা ঘ বেনে-বৌ

১১. 'বাঙালির বাংলা' প্রবন্ধে নিত্য-প্রাচুর্যে ও শুদ্ধতায় পূর্ণ কোনটি?
ক মাটি খ বায়ু
গ জল ঘ প্রকৃতি

১২. আমাদের দেশের ঐতিহ্য ও জীবনের প্রতিনিধিত্ব করে কোনটি?
ক নকশি কাঁথা খ কাপড়ের পুতুল
গ শীতলপাটি ঘ মাটির টেপা পুতুল

১৩. ধানসিড়ি নদীটি কোন জেলায়?
ক ঝালকাঠি খ বরিশাল
গ খুলনা ঘ পিরোজপুর

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:
পৃথিবীর অধিকারে বঞ্চিত যে ভিক্ষুকের দল
জীবনের বন্যাবেগে তাহাদের করো বিচঞ্চল।

১৪. উদ্দীপকের ভাবধারা কোন কবিতায় ফুটে উঠেছে?
ক একুশের গান খ নারী
গ প্রার্থী ঘ দুই বিঘা জমি

১৫. উক্ত ভাবধারা ফুটে উঠেছে যে চরণে—
ক দেশের সোনার ছেলে খুন করে রোখে মানুষের দাবি
খ আর উত্তাপ দিও রাস্তার ধারের ঐ উলঙ্গ ছেলেটিকে
গ কেহ রহিবে না বন্দি কাহারও উঠিছে ডঙ্কা বাজি
ঘ তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে

১৬. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কত সালে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়?
ক ১৯৬৬ খ ১৯৬৯
গ ১৯৭০ ঘ ১৯৭১

১৭. মনে পড়ে জ্যৈষ্ঠের ঝড়ে রাত্রে নাহিকো ঘুম— পঙ্‌ক্তিতে প্রকাশ পেয়েছে—
ক স্পর্শকাতরতা খ স্মৃতিকাতরতা
গ আকুতি ঘ হতাশা

১৮. 'বাঙালির বাংলা' প্রবন্ধে আজানের সাথে শঙ্খ ঘণ্টার ধ্বনির উল্লেখ করায় প্রকাশ পেয়েছে—
ক ধর্মীয় মূল্যবোধ খ সামাজিকতা
গ সাম্যবাদ ঘ অসাম্প্রদায়িকতা

১৯. 'মার্চেন্ট অব ভেনিস'— গল্পের শিক্ষণীয় বিষয়—
i. হিংসার পরাজয় ii. মানবিকতার জয়
iii. রক্ষণশীলতার পরাজয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. মঙ্গল শোভাযাত্রা বিশেষ তাৎপর্যপূর্ণ হওয়ার কারণ—
ক চারুকর্ম প্রদর্শন খ লোক সমাগম
গ সমকালীন চেতনা ঘ আনন্দ প্রকাশ

২১. ফ্রাইডের প্রতি রবিনসনের মুগ্ধ হওয়ার কারণ—
i. ভক্তি ii. ভালোবাসা
iii. বিশ্বস্ততা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

teachingbd.com

২২. ব্রাহ্মণ, চণ্ডাল, চামার মুচি
এক জলে হয় সবার শুচি
উদ্ধৃতাংশে 'মানবধর্ম' কবিতার কোন মনোভাবের প্রতিফলন ঘটেছে?
ⓚ সাম্যবাদ ⓜ সাম্প্রদায়িকতা
ⓖ আভিজাত্য ⓘ ধর্মানুভূতি

২৩. "এই কথাটি মনে রেখ
আমি যে গান গেয়েছিলাম
শুকনো পাতা ঝরার বেলায়।"
উদ্দীপকের ভাবার্থ কোন কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ?
ⓚ দুই বিঘা জমি ⓜ আবার আসিব ফিরে
ⓖ বঙ্গভূমির প্রতি ⓘ নদীর স্বপ্ন

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:
অমল বিশ্বসাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমাণ লাইব্রেরি থেকে পাঠচক্রের বই নিয়ে বন্ধু বিমলকে ধার দেয়। কিছুদিন পরে অমল বইটি ফেরত চাইলে বিমল তা সম্পূর্ণ অস্বীকার করে।

২৪. উদ্দীপকের বিমল 'কিশোর কাজি' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি?
ⓚ আলিকোজাই ⓜ কাজি
ⓖ নাজিম ⓘ নাজিমের স্ত্রী

২৫. উক্ত সাদৃশ্যপূর্ণ চরিত্রে বিশেষভাবে প্রতীয়মান—
ⓚ কূটকৌশল ⓜ হীনম্মন্যতা
ⓖ প্রতারণা ⓘ ধূর্ততা

২৬. চিরযুবা তুই যে চিরজীবী
জীর্ণ জরা ঝরিয়ে দিয়ে
প্রাণ অফুরান ছড়িয়ে দেদার দিবি।
উদ্দীপকের বিপরীত ভাবধারা প্রকাশ পেয়েছে কোন রচনায়?
ⓚ পাছে লোকে কিছু বলে
ⓜ একুশের গান
ⓖ জাগো তবে অরণ্য কন্যারা
ⓘ প্রার্থী

২৭. টম ক্যান্টি রাজা হওয়ার পর নরফোকের রাজার মৃত্যুদণ্ড তুলে নেওয়ায় তার চরিত্রে যে দিকটি প্রকাশ পেয়েছে তা হলো—
ⓚ দূরদর্শিতা ⓜ মহত্ত্ব
ⓖ রাজকীয়তা ⓘ ভালোবাসা

২৮. ট্রেন ছেড়ে দিলেও লেখক মনের মধ্যে বাড়ি ফিরে যাবার আগ্রহ খুঁজে পেলেন না কেন?
ⓚ গৃহের প্রতি উদাসীনতা
ⓜ অতিথির জন্য বিরহ কাতরতা
ⓖ পরিবারের প্রতি অনীহা
ⓘ দেওঘরের প্রতি মমতা

২৯. 'নারী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
ⓚ বিষের বাঁশি ⓜ অগ্নিবীণা
ⓖ সাম্যবাদী ⓘ সর্বহারা

৩০. মাদুরের জন্য কোন জেলা বেশ পরিচিত?
ⓚ সিলেট ⓜ কুমিল্লা
ⓖ খুলনা ⓘ নোয়াখালী

৩১. 'ক্রান্তি' শব্দের অর্থ কী?
ⓚ পরিবর্তন ⓜ ক্লান্ত
ⓖ পরিশ্রান্ত ⓘ শেষ

৩২. বমী শব্দ 'গম' অর্থ কী?
ⓚ গমন ⓜ গ্রাম
ⓖ ভালো ⓘ সম্মান

৩৩. ছিলে দেবী হলে দাসী। কবি এখানে জন্মভূমিকে কী হারানোর কথা বুঝিয়েছেন?
ⓚ স্বাধীনতা ⓜ সৌন্দর্য
ⓖ ক্ষমতা ⓘ ঐশ্বর্য

৩৪. শিল্পকলার কারুকাজ দিয়ে গড়ে উঠেছে আমাদের—
ⓚ ঐতিহ্য ⓜ ইতিহাস
ⓖ সংস্কৃতি ⓘ চেতনা

৩৫. 'সুখী মানুষ' নাটিকায় লেখকের বক্তব্য—
i. সম্পদই অশান্তির কারণ
ii. সুখ একটা আপেক্ষিক ব্যাপার
iii. ধন-সম্পদই সকল সুখের উৎস নয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓜ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৬. দুজনেই হঠাৎ ধার্মিক হয়ে উঠলাম।—উক্তিটিতে বালকদের চরিত্রের যে দিকটি প্রকাশ পায়—
i. বিবেচনাবোধ ii. নৈতিকতাবোধ
iii. ঐক্য চেতনা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓜ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৭. 'কবিতা' পত্রিকাটির সম্পাদক—
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓜ বুদ্ধদেব বসু
ⓖ কাজী নজরুল ইসলাম ⓘ জীবনানন্দ দাশ

৩৮. মহাকবি আবুল কাসেম ফেরদৌসীর 'শাহানামা' কোন ধরনের গ্রন্থ?
ⓚ কাব্যগ্রন্থ ⓜ মহাকাব্য
ⓖ উপন্যাস ⓘ ভ্রমণ কাহিনি

৩৯. রিপের পাহাড়ে ঘুমানো একরাত কত বছর ছিল?
ⓚ আঠার ⓜ বিশ
ⓖ বাইশ ⓘ চব্বিশ

৪০. 'আপনার পত্রপুষ্পপুটে, অনন্ত যৌবনা করি সাজাইলে বসুন্ধরা'
উদ্দীপকের সাথে 'জাগো তবে অরণ্য কন্যারা' কবিতার প্রধান বৈসাদৃশ্য হলো—
ⓚ বৃক্ষের জ্বালা ⓜ বৃক্ষের যত্নহীনতা
ⓖ বৃক্ষ নিধন ⓘ বৃক্ষের ক্ষত

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓚ | ২ | ⓘ | ৩ | ⓚ | ৪ | ⓚ | ৫ | ⓜ | ৬ | ⓘ | ৭ | ⓖ | ৮ | ⓜ | ৯ | ⓚ | ১০ | ⓘ | ১১ | ⓖ | ১২ | ⓜ | ১৩ | ⓚ | ১৪ | ⓖ | ১৫ | ⓜ | ১৬ | ⓚ | ১৭ | ⓜ | ১৮ | ⓘ | ১৯ | ⓚ | ২০ | ⓖ |
| ২১ | ⓘ | ২২ | ⓚ | ২৩ | ⓖ | ২৪ | ⓖ | ২৫ | ⓖ | ২৬ | ⓚ | ২৭ | ⓜ | ২৮ | ⓚ | ২৯ | ⓖ | ৩০ | ⓖ | ৩১ | ⓚ | ৩২ | ⓖ | ৩৩ | ⓚ | ৩৪ | ⓖ | ৩৫ | ⓘ | ৩৬ | ⓚ | ৩৭ | ⓜ | ৩৮ | ⓜ | ৩৯ | ⓜ | ৪০ | ⓖ |

Teachingbd.com